দৈনিক
ইত্তেফাক

তারিখ: 03 AUG 2016
পৃষ্ঠা: ১৫ কলাম: ১

# গাংনীতে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

■ গাংনী (মেহেরপুর) সংবাদদাতা

গাংনীর চর গোয়ালগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৭ শিক্ষার্থীর উপবৃত্তির টাকা আত্মসাত করা হয়েছে বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী শিক্ষার্থীর অভিভাবকগণ। এর মধ্যে একজনকে সমুদয় টাকা থেকে বঞ্চিত করা হয়েছে। আত্মসাতকৃত টাকা বিদ্যালয়ের শিক্ষক ও সভাপতি ভাগবাটোয়ারা করেছেন বলেও অভিযোগ তাদের। এদিকে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি জানান, অনিয়মিত শিক্ষার্থীদের অর্ধেক টাকা দেওয়া হয়েছে। বাকি টাকা দিয়ে বিদ্যালয়ের উন্নয়ন কাজ করা হবে।

জানা গেছে, উপবৃত্তির শিটে দ্বিতীয় শ্রেণিতে অনেকের নাম থাকলেও তৃতীয় শ্রেণিতে তাদের নাম নেই। ওই তালিকায় প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির লোকজন তাদের ছেলে-মেয়ের নাম সংযুক্তি করেছেন। এছাড়াও উপবৃত্তির নামের তালিকা থেকে অনেককে বাদ দেওয়া হয়েছে।

ভুক্তভোগীরা জানান, কোনো অভিভাবক শিটে স্বাক্ষর না করলেও শিক্ষকরা নিজেরাই স্বাক্ষর করেছেন। ব্যাংকের লোকজনের উপস্থিতিতে টাকা বিতরণের কথা থাকলেও কোনো ব্যাংক কর্মকর্তা ছিলেন না। শিক্ষকদের কাছে টাকা ও শিট দিয়ে তিনি চলে যান।

কৃষি ব্যাংক গাংনী শাখার ম্যানেজার আব্দুল ওহাব জানান, টাকা বিতরণের জন্য একজন করে ফিল্ড অফিসার নিয়োগ করা হয়। কিন্তু সময় স্বল্পতা ও লোকবল সংকটের কারণে প্রধান শিক্ষকদের সহায়তা নেওয়া হয়েছে। প্রধান শিক্ষক যদি দুর্নীতি করেন তাহলে তো করার কিছু থাকে না। তারপরও বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামরুল ইসলাম জানান, ছাত্রদের উপস্থিতির হার ও অনিয়মিত আসা-যাওয়ার জন্য টাকা কম দেওয়া হয়েছে। আবার পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে অনেককে উপবৃত্তি থেকে বাদ দেওয়া হয়েছে।